

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৬১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ جَعْفَرٌ يُحِبُّ الْمَسَاكِينَ وَيَجْلِسُ إِلَيْهِمْ وَيُحَدِّثُهُمْ وَيُحَدِّثُونَهُ وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ جَعْفَرٌ يُحِبُّ الْمَسَاكِينَ وَيَجْلِسُ إِلَيْهِمْ وَيُحَدِّثُونَهُ وَعَنْ أَبِي الْمَسَاكِينِ. رَوَاهُ التِّرْمِذِي

اسناده ضعیف ، رواه الترمذی (3766) [و ابن ماجم (4125 مختصرًا)] * فیم ابراهیم المخزومی : متروک ـ

(ضَعِيف)

বাংলা

৬১৬১-[২৭] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জা'ফার (ইবনু আবৃ ত্বালিব) (রাঃ) মিসকীনদেরকে খুব বেশি ভালোবাসতেন, তাদের সাথে বসতেন এবং আলাপ করতেন তারাও জা'ফার-এর সাথে দ্বিধাহীনচিত্তে আলাপ-আলোচনা করত। এজন্য রাসূলুল্লাহ (সা.) তাঁকে 'আবূল মাসাকিন' উপনামে আহ্বান করতেন। (তিরমিযী)

ফুটনোট

খুবই যঈফ: তিরমিয়ী ৩৭৬৬, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯২৫; কারণ ইবরাহীম আবূ ইসহাক মাখ্যুমী য'ঈফ, য'ঈফাহ ৪৮৭৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৪৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে যে বিষয়গুলো প্রতীয়মান হয়, তা নিম্নরূপ: (১) এ হাদীস প্রমাণ করে বড়দের ভালোবাসা, (২) সম্মান ও মর্যাদা লাভের মাধ্যম হলো দরিদ্র ব্যক্তিবর্গ। তারা আছে বলে ধনীদের এত সম্মান। (৩) তাদের সাথে



বিনয় আচরণ ব্যক্তির মর্যাদা বৃদ্ধি হয়। (তুহফাতুল আহ্ওয়াযী হা. ৩৭৭৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন